

## জাতিকে সত্যিকারের শিক্ষিত করে তুলতে অতিরিক্ত ক্লাস চালু করুন ॥ রাষ্ট্রপতি

মুন্সীগঞ্জ, ২৫ জানুয়ারি, নিজস্ব সংবাদদাতা ॥  
রাষ্ট্রপতি অধ্যাপক একিউএম বদরুদ্দোজা চৌধুরী  
জাতিকে সত্যিকারের শিক্ষিত হিসাবে গড়ে  
তোলার লক্ষ্যে প্রেবক্লাস চালুর নির্দেশ দিয়েছেন।  
তিনি বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি ও শিক্ষকদের  
উদ্দেশ্যে বলেছেন, স্কুল সময়ের দেড় ঘণ্টা আগে  
অর্থাৎ সকাল সাড়ে ৮টা থেকে এই ক্লাস  
(প্রেবক্লাস) অনতিবিলম্বে বাধ্যতামূলক করা হোক।  
এ প্রসঙ্গে রাষ্ট্রপতি আরও বলেছেন, শিক্ষকদের  
এই অতিরিক্ত শ্রমের জন্য প্রতি ছাত্রছাত্রীর কাছ  
থেকে দশ টাকা করে ফী নেয়া যেতে পারে।  
রাষ্ট্রপতি শুক্রবার সকালে শ্রীনগর উপজেলার  
বেলতলী জিজে উচ্চ বিদ্যালয়ে শতবর্ষ পূর্তি  
উৎসবের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির  
ভাষণে এ কথা বলেন। তিনি এই 'প্রেবক্লাস'  
বিক্রমপুর থেকে শুরু করে সারা দেশে সাড়া  
জাগানোর মতো অবস্থা তৈরির জন্য সর্বশ্রমীদের  
পরামর্শ দেন।

তিন দিনব্যাপী এই অনুষ্ঠানে বিদ্যালয়ের ম্যানেজিং  
কমিটির সভাপতি আবদুল হোসেন সিকদারের  
সভাপতিত্বে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন  
মুন্সীগঞ্জের ডিসি, ব্যারিস্টার হায়দার আলী,  
মোহাম্মদ আলী, প্রফেসর ডা. জাহাঙ্গীর কবির,  
বিদ্যালয়ের প্রধান শিক্ষক নুরুল আমিন মিয়া,  
আজিজুল হক, লেবু কাজী, ফজলুল হক জুয়েল।  
পরে রাষ্ট্রপতি বিদ্যালয় ভবনে স্বচ্ছায় রক্তদান  
কর্মসূচীর উদ্বোধন করেন। এর আগে রাষ্ট্রপতি  
শতবর্ষ পূর্তি ফটক 'আলোর পথে' উন্মোচন করেন।  
বিদ্যালয়টির শতবর্ষ পূর্তি উৎসবের শেষ হবে  
রবিবার।

শুক্রবার বিকালে ছিল স্মৃতিচারণ, সন্ধ্যায় সাংস্কৃতিক  
অনুষ্ঠান। আজ শনিবার স্মৃতিচারণ ছাড়াও রয়েছে  
ম্যাগাজিন অনুষ্ঠান ও নাটক। এ উপলক্ষে বিদ্যালয়  
মাঠে মেলা বসেছে।